বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-১৯/২০১৯ তারিখঃ ১৫-০৯-২০১৯খ্রিঃ

বিষয়ঃ এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন তহবিলের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার পুনঃনির্ধারণ, ঘাটতি ব্যয় নির্বাহে অগ্রিম প্রদান এবং প্রদানকৃত অগ্রিম সমম্বয়ের হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সাবেক কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এর ২৮-০৩-২০১৭খ্রিঃ তারিখের হিসাব পরিপত্র নং-০৩/২০১৭ ও ২৬-০৬-২০১৮খ্রিঃ তারিখের হিসাব পরিপত্র নং-০৯/২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। জাতীয় বেতন স্কেল ২০১৫ বাস্তবায়ন, পেনশনধারীদেরকে বছর বছর ইনক্রিমেন্ট প্রদান, ১৫ বছর উত্তীর্ণ হওয়া ১০০% পেনশন সমর্পণকারীদের পুনরায় পেনশনের আওতাভূক্ত করার সিদ্ধান্ত প্রদান, গড় আয়ু বৃদ্ধি, অবসর গমনকারী কর্মকর্তা/কর্মচারীর হার উত্তরোত্তর বৃদ্ধিসহ সুপারএ্যানুয়েশন ফান্ডের তহবিল সংকটের প্রেক্ষিতে এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে ব্যাংক প্রদত্ত ৫০% চাঁদার অর্থ দ্বারা চাহিদা পূরণ সম্ভব হচ্ছে না। ফলে, ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার বৃদ্ধি করার প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার নির্ধারন এবং আরও অধিকতর সঠিক পরিসংখ্যান ও তথ্য প্রাপ্তির মাধ্যমে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক ও পেনশন পরিশোধের জন্য যথাযথ পরিমান তহবিলের চাহিদা নিরূপনের লক্ষ্যে কনসালটিং ফার্ম কর্তৃক এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের Actuarial valuation করা হয়।

০৩। এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের সার্বিক অবস্থা ও কনসালটিং ফার্ম কর্তৃক এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের Actuarial Valuation রিপোর্ট এর আলোকে বিষয়টি বিগত ০৫-০৮-২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪১০তম সভায় উপস্থাপন করা হয়। ব্যবস্থাপনা সমন্বয় কমিটি প্রদত্ত সুপারিশের প্রেক্ষিতে বিষয়টি বিগত ২৯-০৮-২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৪১তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

"কেন্দ্রীয় হিসাব বিভাগ ও ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে এ.আই.আর কনসালটিং ফার্ম কর্তৃক এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডের Actuarial Valuation রিপোর্ট অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে আনুতোষিক ও পেনশন প্রদানে যে ব্যয় ও ব্যয়জনিত ঘাটতি দৃশ্যমান হয়েছে তা ক্রমবর্ধমান হারে পরবর্তী অর্থবছরসমূহে আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকায় আগামী অর্থবছরসমূহে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদেরকে তাৎক্ষণিকভাবে আনুতোষিক ও পেনশন পরিশোধের লক্ষ্যে ব্যাংক প্রদত্ত চাঁদা ২০১৯-২০ অর্থবছর হতে পুনঃনির্ধারনের পূর্ব পর্যন্ত মূল বেতনের ৭০% হারে কর্তন করার প্রস্তাব অনুমোদন করা হলো, যা ০১ জুলাই ২০১৯ হতে কার্যকর হবে এবং ব্যাংক প্রদত্ত চাঁদার অর্থ দ্বারা ব্যয় সংকুলান সম্ভব না হলে ঘাটতি ব্যয় নির্বাহে (২০১৮-১৯ অর্থবছরসহ) কেন্দ্রীয় হিসাব বিভাগ (পূর্বতন কেন্দ্রীয় হিসাব বিভাগ-১) হতে এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে অগ্রিম প্রদান ও প্রদানকৃত অগ্রিম উক্ত ফান্ডের দায় হিসেবে পরবর্তী অর্থবছরের প্রাপ্য ব্যাংক প্রদত্ত চাঁদার অর্থ হতে সমন্বয় করতে হবে।"

০৪। এমতাবস্থায়, ০১ জুলাই, ২০১৯খ্রিঃ তারিখ হতে এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে ষান্মাসিক ভিত্তিতে ব্যাংক প্রদত্ত চাঁদা মূল বেতনের ৭০% হারে কর্তন করতে হবে। এছাড়াও, ব্যাংক প্রদত্ত চাঁদার অর্থ দ্বারা ব্যয় সংকুলান সম্ভব না হলে ঘাটতি ব্যয় নির্বাহে (২০১৮-১৯ অর্থবছরসহ) কেন্দ্রীয় হিসাব বিভাগ (পূর্বতন কেন্দ্রীয় হিসাব বিভাগ-১) হতে এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে অগ্রিম প্রদান ও প্রদানকৃত অগ্রিম উক্ত ফান্ডের দায় হিসেবে পরবর্তী অর্থবছরের প্রাপ্য ব্যাংক প্রদত্ত চাঁদার অর্থ হতে সমন্বয় করা হবে। প্রধান কার্যালয় পর্যায়ে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের মূল বেতনের উপর অনুমোদিত হারে নির্ণীত পরিমান তহবিল একীভূত করে সুপারএ্যানুয়েশন তহবিলে স্থানান্তরের মাধ্যমে হিসাবায়ন করতে হবে। হিসাবায়ন পদ্ধতিটি হবে নিম্নরূপ ঃ

চলমান পাতা-০২

হিসাবায়ন পদ্ধতি ঃ

ক. এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে চাঁদা প্রদান (ষান্মাসিক ভিত্তিতে)ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/১৫এ-সুপারএ্যানুয়েশন ফান্ডের ব্যয় খাত | এলপিও-এ রক্ষিত সুপারএ্যানুয়েশন ফান্ডের এসএনডি হিসাব |

খ. এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে অগ্রিম প্রদান ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩১/১১-বিবিধ আদায়যোগ্য খাত | এলপিওতে রক্ষিত সুপারএ্যানুয়েশন ফান্ডের এসএনডি হিসাব |

গ. এমপ্লয়ীজ সুপারএ্যানুয়েশন ফান্ডে অগ্রিম সমন্বয় ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/১৫এ -সুপারএ্যানুয়েশন ফান্ডের ব্যয় খাত | ১৩১/১১-বিবিধ আদায়যোগ্য খাত |

(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক
(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

---

নং-প্রকা/হিঃ২:১৮(এসুত)/২০১৯-২০২০/৬৬৩(১২৫০) তারিখঃ ঐ

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে; পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৮। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(বেলাল আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক